



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর  
পিরোজপুর জেলা কার্যালয়, পিরোজপুর  
[www.dncrp.pirojpur.gov.bd](http://www.dncrp.pirojpur.gov.bd)



স্মারক নম্বর: ২৬.০৪.৭৯০০.৮০৪.০৬.০০৩.২২.৩০৮

তারিখ: ১৫ কার্তিক ১৪২৯

৩১ অক্টোবর ২০২২

বিষয়: উত্তম চর্চার তালিকা ওয়েবসাইটে প্রকাশ প্রসঙ্গে।

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, পিরোজপুর জেলা কার্যালয়ের উত্তম চর্চার তালিকা নিম্নরূপ:

#### উত্তম চর্চার শিরোনাম: (১) সুসজ্জিত ও দৃষ্টিনন্দন অফিস প্রাঙ্গন তৈরি

উত্তম চর্চার বিবরণ: অফিস প্রাঙ্গন নিয়মিতভাবে পরিষ্কার পরিচ্ছন্ন রাখা হয় এবং ফাইল পত্র সুসজ্জিত ও যথাযথভাবে আলমারিতে রাখা হয় এবং রেজিস্টার সংরক্ষণ করা হয়ে থাকে। এর ফলে অফিসে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের কাজের স্পৃহা বৃদ্ধি পায় এবং দর্শনার্থী ও সেবা প্রত্যাশীদের অফিস সম্পর্কে একটি ইতিবাচক মনোভাব সৃষ্টি হয়।

#### উত্তম চর্চার শিরোনাম: (২) কর্মক্ষেত্রে উপস্থিতি

উত্তম চর্চার বিবরণ: সকল কর্মকর্তা-কর্মচারীর যথাসময়ে কর্মক্ষেত্রে উপস্থিতি নিশ্চিত করা হয়। জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বগুড়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মহোদয় প্রতিদিন সকাল ৮.০০ টায় কর্মকর্তা ও কর্মচারীদের উপস্থিতি পর্যবেক্ষণ করেন।

#### উত্তম চর্চার শিরোনাম: (৩) সচেতনতামূলক সভা

উত্তম চর্চার বিবরণ: ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পিরোজপুর জেলা কার্যালয় কর্তৃক সচেতনতামূলক সভার আয়োজন করা হয়ে থাকে।

#### উত্তম চর্চার শিরোনাম: (৪) ই-প্রণোদনা

উত্তম চর্চার বিবরণ: ভোক্তাদের দায়েরকৃত অভিযোগ প্রমাণিত হলে আদায়কৃত জরিমানার ২৫% অবিয়োগকারীগণকে সরাসরি প্রদানের পাশাপাশি ই-প্রণোদনার মাধ্যমে তথা ইলেকট্রনিক পদ্ধতিতে ভোক্তাদের প্রদান করা হয়। ই-প্রণোদনা চালু করার ফলে অবিয়োগকারীগণকে ২৫ শতাংশ গ্রহণের জন্য স্বশরীরে কার্যালয়ে উপস্থিত হতে হয় না।

#### উত্তম চর্চার শিরোনাম: (৫) অভিযোগ বক্স স্থাপন

উত্তম চর্চার বিবরণ: ভোক্তাগণ কর্তৃক অভিযোগ দায়েরের জন্য অধিদপ্তরের পিরোজপুর জেলা কার্যালয়ের সামনে দৃশ্যমান স্থানে অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে। ফলে ভোক্তাগণ সহজেই অভিযোগ দায়ের ও প্রতিকার পেতে পারেন।


#### উত্তম চর্চার শিরোনাম: (৬) স্লোগান সম্বলিত সাইন বোর্ড অফিসের সামনে স্থাপন

উত্তম চর্চার বিবরণ: ভোক্তা-অধিকার বিষয়ক স্লোগান সম্বলিত সাইন বোর্ড অফিসের সামনে স্থাপন করা হয়েছে। স্লোগান সম্বলিত সাইন বোর্ড ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ সম্পর্কে সচেতনতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করছে।

#### উত্তম চর্চার শিরোনাম: (৭) অংশীজন ও সেবাগ্রহীতাদের অবহিতকরণ

উত্তম চর্চার বিবরণ: শুদ্ধাচার/উত্তম চর্চা, অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অবহিতকরণের লক্ষ্যে পিরোজপুর জেলা কার্যালয়ে সেবাগ্রহীতা/ অংশীজনদের নিয়ে সভা আয়োজন করা হয়ে থাকে। এর ফলে সেবাগ্রহীতা/অংশীজনদের সাথে আন্তরিকতা বৃদ্ধি পায় এবং তাঁরা নিজেদের অধিকার ও দায়িত্ব সম্পর্কে সচেতন হন।

ইহা মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।



৩১-১০-২০২২

দেবাশীষ রায়

সহকারী পরিচালক

ফোন: ০১৩১৮৩৯৬৯৭৮

উপপরিচালক

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয়  
কার্যালয়, বরিশাল।

ইমেইল: [ad-pirojpur@dncrp.gov.bd](mailto:ad-pirojpur@dncrp.gov.bd)